

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬৩

আগরতলা, ৯ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনে
১০ ও ১২ এপ্রিল বাড়ি বাড়ি ভোটগ্রহণ

আগামী ১০ ও ১২ এপ্রিল ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনের জন্য বাড়ি বাড়ি ভোটগ্রহণ প্রক্রিয়া অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে ৮৫ বছরের উর্ধ্ব, দিব্যাঙ্গজন, সন্দেহজনক কোভিড-১৯ আক্রান্ত এবং সংক্রমিত ভোটারগণ ফর্ম ১২ ডি-তে পোস্টাল ব্যালটে ভোট দেওয়ার আবেদন করেছেন তারাই বাড়িতে থেকে ভোট প্রদান করতে পারবেন।

এক্ষেত্রে ভোটগ্রহণের জন্য সেক্টর ভিত্তিক ১ জন সেক্টর অফিসার, ১ জন মাইক্রো অবজারভার, ২ জন পোলিং অফিসার, ১ জন ভিডিওগ্রাফার ও সুরক্ষাকর্মীরা থাকবেন। নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ ইচ্ছা করলে তাদের অনুমোদিত ১ জন প্রতিনিধিকে বৈধ পরিচয়পত্র সহ ভোটগ্রহণ কর্মীদের সঙ্গে পাঠাতে পারবেন। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনের রিটার্নিং অফিসার তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার এক বিজ্ঞপ্তিতে এ সংবাদ জানিয়েছেন।
